

ভাঙড় মহাবিদ্যালয়

কলকাতা বিশ্ববিদ্যালয় অনুমোদিত ও রাষ্ট্রীয় মূল্যায়ন এবং প্রত্যয়ন পরিষদ (ন্যাক) কর্তৃক মূল্যায়িত
ডাকঘর- ভাঙড়, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, সূচক সঙ্খা-৭৪৩৫০২, দূরভাষ- (৯৫৩২১৮)২৭০৪৬০

জরুরী বিজ্ঞপ্তি

তারিখঃ ১০.০৯.২০২৪

২০২৪-২৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষে ভর্তি সংক্রান্ত

এতদ্বারা ২০২১ থেকে ২০২৪ সালে উচ্চমাধ্যমিক উত্তীর্ণ যে সকল ছাত্র-ছাত্রী Centralised Portal- এর মাধ্যমে ভর্তি হতে পারেনি অথবা ভর্তি বাতিল হয়েছে এছাড়াও যাহারা এখনও পর্যন্ত কোন ফর্ম ফিলাপ করেনি সেই সকল ছাত্র-ছাত্রীদের মধ্যে যাহারা ভাঙড় মহাবিদ্যালয়ের প্রাতঃ (Morning) (General) ও দিবা (Day) বিভাগে (Hons & Gen) ভর্তি হতে ইচ্ছুক তাদের জানানো যাচ্ছে যে-

১) আগামি ১১ ই সেপ্টেম্বর ২০২৪ থেকে আগামি ১৬ ই সেপ্টেম্বর ২০২৪ রাত্রি ১১ টা ৫৯ মিনিট পর্যন্ত কলেজ ওয়েব সাইটে অনলাইনে ভর্তির ফর্ম পূরণ করা যাবে। সরকারী নির্দেশ অনুসারে ফর্মের মূল্য মুকুব করা হল।

২) আমাদের Website:

1. www.bhangarmahavidyalaya.in
2. www.bhangarmahavidyalayaadmission.in

৩) অনলাইনে পূরণ করা আবেদনপত্রে কোন রকম ভুল ত্রুটি থাকলে আগামি ১৬ ই সেপ্টেম্বর ২০২৪ -এর মধ্যে অনলাইনে সংশোধন করে নিতে হবে, উক্ত দিনের পর আর কোন ভাবে ফর্ম সংশোধন করা যাবে না এবং ভুল ফর্ম বাতিল হিসাবে গণ্য হবে।

৪) সমস্ত বিভাগের Provisional Merit List আগামি ১৭/০৯/২০২৪ তারিখ বেলা ১২ টায় প্রকাশিত হবে। যদি কোন আবেদনকারীর নাম উক্ত লিস্টে না থাকে তাহলে ১৭/০৯/২০২৪ তারিখে বেলা ৪ টার মধ্যে Online Admission Portal –এ Complain Button–এ ক্লিক করে অভিযোগ জানাতে হবে, উক্ত সময়ের পর কোন অভিযোগ গ্রাহ্য হবেনা।

৫) আগামি ১৮/০৯/২০২৪ তারিখে বিকাল ৪ টার মধ্যে সকল বিভাগের Final Merit List প্রকাশিত হবে।

সান্নানিক বিভাগের ফর্ম ফিলাপ করার পূর্বে জ্ঞাতব্য নিয়মাবলীঃ-

১) উচ্চ মাধ্যমিকে সর্বোচ্চ চারটি বিষয়ে নূন্যতম সর্বমোট (Aggregate) ৫০% ও সান্নানিক (Honours) আবেদনের বিষয়ে ৪৫% নম্বর থাকতে হবে।

অথবা

সান্নানিক (Honours) আবেদনের বিষয়ে নূন্যতম ৫৫% নম্বর থাকতে হবে।

২) তফশিলী জাতি (SC) ও তফসিলি উপজাতি (ST) ছাত্র/ছাত্রীদের সরকারি নিয়মানুসারে উচ্চ মাধ্যমিকে সর্বোচ্চ চারটি বিষয়ে নূন্যতম সর্বমোট (Aggregate) ৪০% নম্বর থাকতে হবে।

অথবা

সান্নানিক (Honours) আবেদনের বিষয়ে নূন্যতম ৪০% নম্বর থাকতে হবে।

৩) Economics Honours-এ আবেদন করতে চাইলে উচ্চমাধ্যমিকে গণিত বিষয় থাকতে হবে।

বিশেষ সতর্কীকরণঃ-

- ১) Online-এ Admission নেওয়ার পরও যেকোনো পর্যায়ে কোন আবেদনকারীর উচ্চ মাধ্যমিকে প্রাপ্ত নম্বর ও SC / ST/ OBC/ PH ক্যাটাগরি সংক্রান্ত কোন তুলত্রুটি ধরা পড়লে সেই আবেদনকারীর Admission বাতিল করা হবে।
- ২) Online-এ আবেদন করার সময় সমস্ত Documents গুলি Original স্ক্যান করে আপলোড করতে হবে। জেরক্স স্ক্যান গ্রাহ্য হবেনা।
- ৩) Online-এ আবেদন করার সময় অবশ্যই নিজের/পরিবারের সচল মোবাইল নম্বর দিতে হবে, কারণ ইউনিভার্সিটি রেজিস্ট্রেশনের সময় উক্ত মোবাইল নম্বর পাঠানো হবে, এছাড়াও Admission সংক্রান্ত সকল মোবাইল Alert/Message উক্ত মোবাইলেই পাঠানো হবে।
- ৪) একাধিক সান্মানিক (Honours) বিষয়ে আবেদন করতে চাইলে প্রতিটি বিষয়ের জন্য আলাদা আলাদা ফর্ম ফিলাপ করে রাখতে হবে।
- ৫) যে সকল ছাত্র/ছাত্রী সান্মানিক (Honours) বিভাগে ভর্তির সুযোগ না পেয়ে সাধারণ (General) বিভাগে ভর্তি হতে চাইবে, তাদের সাধারণ (General) বিভাগে ফর্ম ফিলাপ না করা থাকলে ভর্তি হতে পারবেনা।
- ৬) সাধারণ বিভাগে ভর্তির পর আর কোন ভাবে বিষয় পরিবর্তন করা যাবেনা, এক্ষেত্রে আগে থেকেই বিষয় নির্বাচনে সতর্ক থাকতে হবে।
- ৭) নির্দিষ্ট তারিখে ভর্তি হতে না পারলে আর কোন ভাবেই ভর্তি হতে পারবেনা।
- ৮) Vocational বোর্ড থেকে উচ্চমাধ্যমিক পাশ করলে B.A. General কোর্স ছাড়া অন্যকোন কোর্সে ভর্তি হওয়া যাবেনা।
- ৯) উচ্চমাধ্যমিকে পরিবেশবিদ্যা যদি Compulsory Subject হয় তাহলে সেটি Top-4 হিসাবে গণ্য হবেনা।

নিম্নলিখিত সূচী অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবেঃ-

B.A/ B.Sc Honours (Day) সান্মানিক দিবা বিভাগঃ-

ভর্তির তালিকা	ভর্তির তালিকা প্রকাশের তারিখ	অনলাইন ভর্তির তারিখ	মহাবিদ্যালয়ের কার্যালয়ে ফর্ম ও কাগজপত্র যাচাই ও জমা দেওয়ার তারিখ
আসন অনুজায়ী নির্বাচিত প্রার্থীদের ১ম তালিকা	১৯ শে সেপ্টেম্বর ২০২৪	১৯ থেকে ২০ শে সেপ্টেম্বর ২০২৪	পরবর্তী নোটিশে জানানো হবে।

** আসন খালি থাকলে পরবর্তী তালিকা সম্পর্কে নোটিশে জানানো হবে।

B.A General (Morning) সাধারণ প্রাতঃ বিভাগঃ-

ভর্তির তালিকা	ভর্তির তালিকা প্রকাশের তারিখ	অনলাইন ভর্তির তারিখ	মহাবিদ্যালয়ের কার্যালয়ে ফর্ম ও কাগজপত্র যাচাই ও জমা দেওয়ার তারিখ
আসন অনুজায়ী নির্বাচিত প্রার্থীদের ১ম তালিকা	১৯ শে সেপ্টেম্বর ২০২৪	১৯ থেকে ২০ শে সেপ্টেম্বর ২০২৪	পরবর্তী নোটিশে জানানো হবে।

** আসন খালি থাকলে পরবর্তী তালিকা সম্পর্কে নোটিশে জানানো হবে।

B.A / B.Sc/ B.Com General (Day) সাধারণ দিবা বিভাগঃ-

ভর্তির তালিকা	ভর্তির তালিকা প্রকাশের তারিখ	অনলাইন ভর্তির তারিখ	মহাবিদ্যালয়ের কার্যালয়ে ফর্ম ও কাগজপত্র যাচাই ও জমা দেওয়ার তারিখ
আসন অনুজায়ী নির্বাচিত প্রার্থীদের ১ম তালিকা	১৯ শে সেপ্টেম্বর ২০২৪	১৯ থেকে ২০ শে সেপ্টেম্বর ২০২৪	পরবর্তী নোটিশে জানানো হবে।

** আসন খালি থাকলে পরবর্তী তালিকা সম্পর্কে নোটিশে জানানো হবে।



Principal
BHANGAR MAHAVIDYALAYA
BHANGAR, 24 Pgs. (S).